মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় ঃ বাড়ী নং-০৩, রোড নং- ই/১, ব্লক-সি শাহজালাল উপশহর, সিলেট-৩১০০

স্মারক নং ঃ সিশিবো/বিদ্যা/সুনাম-৪৬/ ১২৮৫

তারিখ ঃ ১০/০৮/১৪১৬ বাং
২৪/১১/২০০৯ খ্রিঃ

বিষয় ঃ বিদ্যমান শ্রেণী শাখা বহাল রাখা এবং নতুন শ্রেণী শাখা খোলার জন্য পরিদর্শন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র ঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ-১১/৩(১০)/৯৯/২১৩, তারিখ ঃ ১০/০২/২০০৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জামালগঞ্জ বালিকা উচ্চ বিদ্যালয়, জামালগঞ্জ, সুনামগঞ্জ এ বিদ্যমান শ্রেণী শাখা বহাল রাখা এবং নতুন শ্রেণী শাখা খোলার জন্য সরেজমিন পরিদর্শনপূর্বক প্রতিবেদন এতদসঙ্গে সদয় পরবর্তী কার্যার্থে প্রেরণ করা হল।

সংযুক্তি ঃ ক) প্রতিবেদন -০২ পাতা।
খ) সর্বোচ্চ শিক্ষক এম.পি.ও ভূক্তির তালিকা- ০১ পাতা।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৪/১১/০৯

(মোঃ আব্দুল মান্নান খান)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

প্রাপক ঃ মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

অনুলিপি ঃ

১. প্রধান শিক্ষক, জামালগঞ্জ বালিকা উচ্চ বিদ্যালয়, জামালগঞ্জ, সুনামগঞ্জ।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় ঃ বাড়ী নং-০৩, রোড নং- ই/১, ব্লক-সি শাহজালাল উপশহর, সিলেট-৩১০০

পরিদর্শন প্রতিবেদন

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ জামালগঞ্জ বালিকা উচ্চ বিদ্যালয়, জামালগঞ্জ, সুনামগঞ্জ।

প্রতিষ্ঠার সন ঃ ১৯৮১ খ্রিঃ

বর্তমান স্বীকৃতির মেয়াদ ঃ ৩১/১২/২০১১ খ্রিঃ পর্যন্ত

এম পি ও ভূক্তির তারিখ ঃ ০১/০৬/১৯৮৪ খ্রিঃ

শ্রেণী ভিত্তিক শিক্ষার্থীর বিবরণী ঃ

শ্রেণী	শাখা	মোট শিক্ষার্থী	উপস্থিত শিক্ষার্থী
ষষ্ঠ	ক	১৫০	১৩৬
	খ	১৪০	১২৭
সপ্তম	ক	৯৭	৮৭
	খ	১০২	৮১
অষ্টম	ক	৯৬	৮৫
	খ	৯১	৭৮
নবম	ক	৭৭	৭১
	খ	৮০	৭৭
দশম	ক	৫৯	৫৯
	খ	৬৪	৬৪
	মোট	**৯৫৬**	**৮৬৫**

এস,এস,সি পরীক্ষার ফলাফল বিবরণী ঃ

পরীক্ষার সন	মোট পরীক্ষার্থী	পাশের সংখ্যা	পাশের হার	গড় পাশের হার
২০০৭	৮৪	৩৯	৪৬.৪২%	৬৫.৫০%
২০০৮	৯৯	৬০	৬০.৬১%	
২০০৯	১১৪	১০২	৮৯.৪৭%	

জুনিয়র বৃত্তি পরীক্ষার ফলাফল ঃ

পরীক্ষার সন	মোট পরীক্ষার্থী	বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী
২০০৬	৩৭	০৮
২০০৭	৪০	০৩
২০০৮	৫২	১৫

শিক্ষক-শিক্ষিকা ঃ ১৯ জন (শিক্ষক-১৪, শিক্ষিকা -০৫) এবং কর্মচারী ০৪ জন।

এম পি ও ভূক্ত ঃ ১৫ জন

এম পি ও বহির্ভূত ঃ ০৪ জন

অনুমোদিত বিভাগ ঃ মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা

বিদ্যালয়ের জমির পরিমান ঃ ১.৭৫ একর । প্রতিষ্ঠানের নামে খারিজকৃত।

বিদ্যালয় গৃহের বিবরণ ঃ একটি দ্বিতল পাকা ভবনসহ পাকা ভবন -০২ টি ও আধা পাকা ভবন ০২ টি।

মোট আয়তন ঃ শ্রেণী কক্ষসমূহের মোট আয়তন ১১০০০ বর্গফুট ।

আর্থিক স্থিতি ঃ সংরক্ষিত তহবিল -২,৩৭,৪৫০/= এবং সাধারণ তহবিল -৫,৮০,৩৭২/১৬

গ্রন্থাগারের বিবরণ ঃ একটি আলাদা কক্ষ।

বইয়ের সংখ্যা ঃ ৭২০ খানা ।

(অপর পৃষ্ঠা দ্রষ্ট

কক্ষ সংখ্যা ঃ সর্বমোট ২০ টি। প্রশাসনিক কক্ষ- ০১ টি, শিক্ষক মিলনায়তন-০১ টি, শ্রেণী কক্ষ-১১, বিজ্ঞানাগার-০১ টি কম্পিউটার ল্যাব- ০১ , গ্রন্থাগার- ০০ টি, নামাজের ঘর-০০ টি, স্টোর রুম-০১ টি, অন্যান্য কক্ষ-০২ টি।

আসবাবপত্র (শ্রেণী কক্ষে) ঃ ডেস্ক -২১৫ টি, বেঞ্চ - ২১৫ টি, চেয়ার- ৫০ টি, টেবিল - ১৯ টি, কাঠের আলমারী-০৭, ষ্টীলের আলমারী- ০৪ টি, তাছাড়া প্রত্যেক রুমে প্রয়োজনীয় লাইট ও ফ্যান রয়েছে।

টিউবওয়েল ঃ ০৩ টি।

টয়লেট ঃ ০৯ টি (শিক্ষকদের-০২ টি এবং শিক্ষার্থীদের - ০৭ টি)।

কম্পিউটার ঃ ০২ টি (ল্যাপটপ)।

মন্তব্য ও সুপারিশ ঃ শ্রেণী শাখা বহাল ও খোলার আবেদনের প্রেক্ষিতে বিদ্যালয়টি সরেজমিনে আকস্মিক পরিদর্শন করা হয় বিদ্যালয়টি সুনামগঞ্জ জেলার জামালগঞ্জ উপজেলা সদরে অবস্থিত। বিদ্যালয়টিতে পাঠদান কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজন অনুযায়ী শ্রেণী কক্ষ ও আসবাবপত্র বিদ্যমান। পাঠদানের জন্য প্রয়োজনীয় শিক্ষা উপকরণ ব্যবহার করা হয়।

বিদ্যালয়ে রক্ষিত কাগজপত্র, পুরনো হাজিরা খাতা, এম.পি.ও শীট পর্যালোচনা করে দেখা যায় বিদ্যালয়টিতে ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণীতে "খ" শাখা নামে একটি করে শাখা চালু আছে। পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক পরিদর্শনকালে উক্ত শাখাগুলোর বিপরীতে অডিট আপত্তি প্রদান করা হয়। পরবর্তীতে প্রতিষ্ঠানের ব্রডশীট জবাবের আলোকে উক্ত আপত্তি নিষ্পত্তি করা হয়। অডিট আপত্তি নিষ্পত্তি হওয়া সত্ত্বেও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন না থাকায় উক্ত শাখাগুলোর বিপরীতে নতুন করে শিক্ষক নিয়োগ দেয়া সম্ভব হচ্ছে না।

বিদ্যালয়টিতে ১০০০ (এক হাজার) এর অধিক শিক্ষার্থী ভর্তির অনুমতি রয়েছে এবং শিক্ষার্থী অনুযায়ী প্রয়োজনীয় অবকাঠামো বিদ্যমান। উল্লেখ্য, অত্র কার্যালয়ের স্মারক নং- সিশিবো/বিদ্যা/শাখা/সুনাম-৪৬/২০০৪/১০০৫, তারিখ ঃ ০১/১২/২০০৪ খ্রিঃ মোতাবেক নবম ও দশম শ্রেণীতে একটি করে অতিরিক্ত শ্রেণী শাখার অনুমতি প্রদান করা হয়।

সার্বিক পর্যালোচনান্তে ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণীতে "খ" শাখা নামে বিদ্যমান অতিরিক্ত শাখাগুলো বহাল রাখা এবং ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণীতে "গ" শাখা নামে আরো ০৩ (তিন) টি অতিরিক্ত শ্রেণী শাখার যথেষ্ঠ প্রয়োজনীয়তা রয়েছে।

এমতাবস্থায় যেহেতু প্রয়োজনীয় শিক্ষার্থী ও অবকাঠামো বিদ্যমান, তাই নারী শিক্ষার প্রসার ও সুষ্ঠুভাবে পাঠদান পরিচালনার স্বার্থে ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণীতে পূর্ব হতে বিদ্যমান অতিরিক্ত "খ" শাখা এবং নতুন করে "গ" শাখা নামে আরো ০৩ (তিন) টি শাখা অর্থ্যাৎ ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণীতে ০২ (দুই) টি করে সর্বমোট ০৬ (ছয়) টি অতিরিক্ত শ্রেণী শাখার অনুমতি প্রদান করা যেতে পারে।

সদয় পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।

(মোঃ আব্দুল মান্নান খান)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।